# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-01-2025 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে আধুনিক মহাকাশ প্রযুক্তি ক্ষেত্রে বে-সরকারী গবেষণা প্রকল্পের সাফল্যের উল্লেখ করে বলেছেন, বিজ্ঞানী এবং উদ্ভাবকরা প্রশংসনীয় কাজ করছেন।

২) প্রধানমন্ত্রী আগামী ৭৫-তম সাধারণতন্ত্র দিবস উপলক্ষে আজ দেশের সংবিধান প্রণেতাদের প্রতি বিশেষ শ্রদ্ধা জানানা ।

প্রধানমন্ত্রী দেশের যুব সমাজকে নেতাজী সুভাষ চন্দ্র বসুর জীবন থেকে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন।

৩) আর জি কর কান্ডে শিয়ালদা আদালতে দোষী সাব্যস্ত সঞ্জয় রায়-এর সাজা ঘোষণা আগামীকাল।

৪) মেদিনীপুর মেডিকেল কলেজের ডাক্তারি পড়ুয়ারা সাসপেনশন ও এফ আই আর প্রত্যাহার না হওয়া পর্যন্ত অবস্থান বিক্ষোভ চালিয়ে যাবেন বলে জানিয়েছেন।

৫) কলকাতায় আগামীকাল আন্তর্জাতিক কাঁচ বিষয়ক সম্মেলন শুরু হচ্ছে।

৬) গোয়ার ফতোরদায় আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল - এফ সি গোয়ার মুখোমুখি হয়েছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভবিষ্যতের চ্যালেঞ্জের মোকাবিলায় দেশের বিজ্ঞানী এবং উদ্ভাবকরা মহাকাশ প্রযুক্তির ক্ষেত্রে নতুন দিগন্ত সৃষ্টি করেছে। আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের **১১৮**-তম পর্বে শ্রী মোদী, মহাকাশ ক্ষেত্রে ভারতের সাম্প্রতিক কৃতিত্বগুলির প্রশংসা করেন।

প্রধানমন্ত্রী, স্পেস ডকিং-এর প্রশংসা করে বলেন, মহাকাশ স্টেশনে নিয়মিত সরবরাহ বজায় রাখতে ও নতুন নতুন নভোচারীকে সেখানে পাঠাতে এই প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। তিনি বলেন, ভারত বিশ্বের চতুর্থ দেশ হিসেবে এই সাফল্য অর্জন করলো। ইসরোর বিজ্ঞানীদের প্রশংসা করে তিনি বলেন, মহাকাশে বীজ বপন করার ক্ষেত্রে তারা দক্ষতার পরিচয় দেখিয়েছে। এই বীজ থেকেই সেখানে গাছ জন্মাবে। আগামী দিনে এই প্রযুক্তির সাহায্যে মহাকাশে সবজি উৎপাদন সম্ভব হবে। IIT মাদ্রাসের এক্সটেম সেন্টারের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেছেন, এই গবেষণা কেন্দ্রটি মহাকাশে ত্রৈমাত্রিক প্রযুক্তি ব্যবহার, মেটাল ফোম ও অপটিক্যাল ফাইবার তৈরী করার ব্যাপারে গবেষণা চালাচ্ছে। এর ফলে ভবিষ্যতের গগনযান মিশন আরো শক্তিশালী হবে এবং মহাকাশ স্টেশনগুলির প্রযুক্তির নতুন নতুন দিক খুলে যাবে। এদিন তিনি বিজ্ঞানী, উদ্ভাবক এবং নব প্রজন্মের বিনিয়োগকারীদের দেশের নাগরিকদের তরফ থেকে অভিনন্দন জানান।

( বাইট - IIT মাদ্রাস এক্সটেম)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন ৭৫ তম সাধারণতন্ত্র দিবস উপলক্ষে দেশবাসীকে অগ্রিম শুভেচ্ছা জানান। তিনি বলেন, এবারের সাধারণতন্ত্র দিবস একটি বিশেষ কারণে গুরুত্বপূর্ণ। কারণ এ বছরের সংবিধান প্রণয়নের ৭৫ তম বার্ষিকী পালন করা হচ্ছে। সংবিধান নির্মাণ করতে যারা মূখ্য ভূমিকা নিয়েছিলেন, সাংবিধানিক সভার সেই সমস্ত সদস্যদের প্রতি তিনি শ্রদ্ধা নিবেদন করেন। এদিন প্রধানমন্ত্রী বাবাসাহেব আম্বেদকার ডক্টর রাজেন্দ্র প্রসাদ এবং ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীকে স্মরণ করে বলেন, এই সমস্ত মহান নেতাদের ভাবনা চিন্তা থেকে দেশবাসীকে প্রেরণা নিতে হবে।

প্রধানমন্ত্রী এদিন আগামী ২৫ শে জানুয়ারি জাতীয় ভোটার দিবসের কথাও মন কি বাতে উল্লেখ করেছেন। এই দিনটিতে নির্বাচন কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল।

শ্রী মোদী বলেন, সংবিধান প্রণেতারা দেশের সংবিধানের ভেতর নির্বাচন কমিশনের গুরুত্বকে বিশেষভাবে প্রতিষ্ঠিত করেছেন। এর মাধ্যমে দেশবাসী গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করে থাকেন। ভারতকে গণতন্ত্রের মাতৃভূমি হিসাবে বর্ণনা করে শ্রী মোদী বলেন, গণতন্ত্র এদেশকে সমৃদ্ধ ও শক্তিশালী করেছে। নির্বাচন কমিশনের সুষ্ঠু নির্বাচন করার প্রতি দায়বদ্ধতার প্রশংসা করে তিনি বলেন, ভোট প্রক্রিয়ায় বর্তমানে নতুন প্রযুক্তির ব্যবহারও সম্ভব হয়েছে।

(বাইট)

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে চলতি মহাকুম্ভের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সাম্য এবং সম্প্রীতির এটি একটি অভিনব মিলনস্থল। এবারের কুম্ভমেলায় ডিজিটাল প্রযুক্তির প্রয়োগের শ্রী মোদী প্রশংসা করেছেন।

অযোধ্যায় রামলালার প্রথম প্রাণ প্রতিষ্ঠা পর্বের কথা উল্লেখ করে তিনি বলেন, পৌষ শুক্লা দ্বাদশীতে লক্ষ লক্ষ দর্শণার্থী অযোধ্যায় রামলালার আশীর্বাদ পেয়েছেন। শ্রী মোদী দেশের উন্নয়ন এবং ঐতিহ্যকে রক্ষা করার ওপর এদিন বিশেষ ভাবে জোর দেন।

স্টার্ট আপ ইন্ডিয়া প্রকল্পের নবম বর্ষ পূর্তির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, স্টার্ট আপ আজ আর শুধু বড় বড় শহরের মধ্যেই সীমাবদ্ধ নেই। টায়ার টু এবং টায়ার থ্রি শহরগুলিতেও তারা ছড়িয়ে পড়েছে।

তিনি বলেন বর্জ্য ব্যবস্থাপন অ-পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদন, জৈব প্রযুক্তি ও পরিকাঠামোর ক্ষেত্রে নতুন নতুন স্টার্ট আপ তৈরি হচ্ছে। স্বামী বিবেকানন্দের কথা উল্লেখ করে তিনি বলেন, স্বামীজী বলেছিলেন, যদি কেউ তাঁর ভাবনা চিন্তার প্রতি যথেষ্ট দরদী হয়, তবে সে তার লক্ষ্যে পৌঁছবেই।

(বাইট - বিবেকানন্দ)

নেতাজী সুভাষচন্দ্র বসুর অবদানের কথা স্মরণ করে নরেন্দ্র মোদী বলেছেন, নেতাজীর জন্মদিন ২৩ শে জানুয়ারি, গোটা দেশে পরাক্রম দিবস হিসাবে পালিত হয়। তিনি সুভাষ চন্দ্র বসুকে দিগদর্শী নেতা হিসাবে উল্লেখ করে বলেন, তাঁর চরিত্রের সাহসিকতা ওতপ্রোতোভাবে জড়িত ছিল। প্রশাসনিক কর্তা হিসাবে তিনি মানুষের কল্যাণের প্রতি যা ভেবেছিলেন, তা আজও আমাদের প্রেরণা জোগায়। তিনি দেশের যুব সমাজকে নেতাজীর জীবন থেকে অনুপ্ররেণা নেওয়ার আহ্বান জানান।

(বাইট – নেতাজী)

oooooooooooooooooooooo

প্রয়াগরাজে মহাকুম্ভ মেলার সেক্টার ১৯-এ আজ আগুন লাগে। অনেকখানি জায়গাজুড়ে আকাশে কালো ধোঁয়া দেখতে পাওয়া যায়। সরকারীভাবে আগুনলাগার কোন কারণ বলা না হলেও তাঁবুর মধ্যে রান্না করার সময় এই আগুন লাগে বলে জানা গেছে। একের পর এক গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ এবং তা থেকে আগুন ছড়িয়ে পড়ার ভিডিও দেখা গেছে। সমাজ মাধ্যমে এই ছবি ছড়িয়ে পড়ার পর চাঞ্চল্য ছড়ায়। প্রশাসন অবিলম্বে ত্রাণ ও উদ্ধারের ব্যবস্থা করেছে।

oooooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় দোষী সাব্যস্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের সাজা ঘোষণা আগামীকাল। আগেই জানানো হয়েছে, গতকাল শিয়ালদা আদালতে সে দোষী সাব্যস্ত হয়।

সঞ্জয় অবশ্য তাঁকে ফাঁসানো হয়েছে বলে আদালতে আবারও দাবি করে।

এদিকে, আগামীকাল শিয়ালদা আদালত চত্বরে বিজেপি বিক্ষোভ কর্মসূচী পালন করবে বলে জানা গেছে।

অন্যদিকে, তরুণী পিজিটি চিকিৎসকের খুন ও ধর্ষণের ঘটনায় সঞ্জয় রায় ছাড়া আরও কয়েকজন জড়িত বলে নাগরিক সমাজের অভিযোগ। এদের সকলকে বিচারের আওতায় আনার দাবিতে সমাজের বিভিন্ন মহল সোচ্চার হয়েছে।

আর জি কর কান্ডে ন্যায্য বিচারের দাবিতে বিক্ষোভ অব্যাহত।

উল্লেখ্য, গত বছর ৮ ও ৯-ই আগস্টের মধ্যরাতে RG KAR হাসপাতালে ওই চিকিৎসককে ধর্ষণ ও হত্যা করা হয়। ৯-ই আগস্ট সকালে সেমিনার হল থেকেই উদ্ধার হয় ওই চিকিৎসকের দেহ। তদন্তে নেমে পরদিনই কলকাতা পুলিশ সঞ্জয় রায় নামে ঐ সিভিক ভলান্টিয়ারকে গ্রেপ্তার করে। এরপর কলকাতা হাইকোর্ট ১৩-ই আগস্ট CBI-কে এই মামলার তদন্তভার দেয়। ১৮-ই আগস্ট স্বতঃপ্রণোদিত হয়ে মামলা শোনার কথা জানায় সুপ্রিম কোর্ট।

oooooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিকেল কলেজের ডাক্তারি পড়ুয়ারা গতরাত থেকে আবার অবস্থান বিক্ষোভে সামিল হয়েছেন। পিজিটিদের বিরুদ্ধে সাসপেনশন অর্ডার এবং এফআইআর প্রত্যাহার না করা পর্যন্ত অবস্থান বিক্ষোভ চলবে বলে জানানো হয়েছে।

তবে, রোগীদের পরিষেবা প্রদান বন্ধ হয়নি বলে চিকিৎসকদের দাবি। ইতিমধ্যেই পড়ুয়াদের তরফে সাসপেনশন নোটিশের প্রত্যাহারের আবেদন করে কলেজের অধ্যক্ষা

রাজ্য স্বাস্থ্য দপ্তরে চিঠি লিখেছেন বলে জানা গেছে। আমাদের জেলা সংবাদদাতা এখবর দিয়ে জানাচ্ছেন, প্রায় ১-শো ছাত্রছাত্রী ধর্ণায় সামিল হয়েছেন। বাকিরা রোগীদের পরিষেবা চালিয়ে যাওয়ার পাশাপাশি নিজেদের সময় মতো এসে বিক্ষোভে যোগ দিচ্ছেন।

oooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিকেলে স্যালাইন কাণ্ড ও জুনিয়র ডাক্তারদের সাসপেনশনের প্রতিবাদে বিজেপি আগামীকাল স্বাস্থ্য ভবন অভিযানের ডাক দিয়েছে। রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বিক্ষোভে নেতৃত্ব দেবেন। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার বলেন,রাজ্য সরকার সংশ্লিষ্ট ওষুধ সংস্থার থেকে অর্থ নিয়ে ভেজাল স্যালাইন কিনবে। এই স্যালাইনে মানুষের মৃত্যু হলে তার দায় জুনিয়র ডাক্তারদের উপর চাপাবে। এর প্রতিবাদে বিজেপি এই কর্মসূচি নিয়েছে।

oooooooooooooooooooooo

বাংলাদেশ থেকে এরাজ্যে দুষ্কৃতির অনুপ্রবেশের জন্য বিজেপি তৃণমূল কংগ্রেসকে দায়ী করলেও আন্তঃর্জাতিক সীমানা পাহারা দেওয়ার দায়িত্ব রাজ্য বা জেলা পুলিশের নয় বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ মন্তব্য করেছেন। অনুপ্রবেশ আটকাতে ব্যর্থতার জন্য কেন্দ্রীয় সরকারই দায়ী বলে শ্রী ঘোষ অভিমত ব্যক্ত করেছেন।

ooooooooooooooooooooo

মালদা জেলায় তৃণমূল কংগ্রেস নেতা দুলাল সরকার খুনের ঘটনায় আরও একজনকে গ্রেফতার করা হয়েছে। ঐ ঘটনায় জড়িত সন্দেহে মালদা জেলা পুলিশ, আজ বিহারের পূর্ণিয়া থেকে মোহাম্মদ আসরার নামে এক যুবককে প্রথমে আটক করে। দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদের পর  বছর ২২ এর ঐ যুবককে গ্রেপ্তার করা হয়।

উল্লেখ্য গত দোসরা জানুয়ারি, গাড়ি থেকে নামতেই দুষ্কৃতীরা দুলাল সরকারকে লক্ষ্য করে গুলি চালায়। দৌড়ে তিনি একটি দোকানের মধ্যে ঢুকে গেলেও শেষ রক্ষা হয়নি।

oooooooooooooooooooo

কলকাতায় আগামীকাল শুরু হচ্ছে ২৭তম আন্তর্জাতিক কাঁচ বিষয়ক সম্মেলন। সিজিসিআরআই-এর উদ্যোগে বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে এই আন্তর্জাতিক সম্মেলন চলবে ২৪ তারিখ পর্যন্ত। ৩৯ বছর পর কলকাতায় এই সম্মেলন হচ্ছে।

কাঁচ উৎপাদনের অত্যাধুনিক প্রযুক্তি নিয়ে দেশ ও বিদেশের প্রায় সাড়ে ৫-শো জন প্রতিনিধি আলোচনা করবেন। সম্মেলনের উদ্বোধন করবেন কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি ও ভূবিজ্ঞান প্রতিমন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং।

oooooooooooooooooooo

গোয়ার ফতোরদা ষ্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল , এফ সি গোয়ার মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে গোয়া দল ১-০ গোলে এগিয়ে আছে।

ইস্টবেঙ্গল ১৫ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার একাদশ স্থানে আছে। অন্যদিকে গোয়া সমসংখক ম্যাচে ২৭ পয়েন্ট পেয়ে চতুর্থ স্থানে রয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo